# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৭০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাতে যা আদেশ করেছেন, মালিক বিন হুরাইরিস রাদ্বিয়াল্লাহু আনহু কর্তৃক তা প্রতিপালন করা মর্মে বর্ণনা

ذِكْرُ اسْتِعْمَالِ مَالِكِ بْنِ الْحُوَيْرِثِ مَا أَمَرَهُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي صَلَاتِهِ

আরবী

1870 ـ أَخْبَرَنَا شَبَابُ بْنُ صَالِحٍ بِوَاسِطَ قَالَ: حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ قَالَ: أَخْبَرَنَا خالد عن خَالِدٍ عَنْ أَبِي قِلَابَةَ:
أَنَّهُ رَأَى مَالِكَ بْنَ الْحُوَيْرِثِ: إِذَا صَلَّى كَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ وَإِذَا أَرَادَ أَنْ يَرْكَعَ رَفَعَ يَدَيْهِ وَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ رَفَعَ يَدَيْهِ وحدَّث أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم كان يفعل هكذا.
الراوي : مَالِك بْن الْحُوَيْرِثِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 1870 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (330)

বাংলা

১৮৭০. আবূ কিলাবা থেকে বর্ণিত, তিনি বলেন, “মালিক বিন হুওয়াইরিস রাদ্বিয়াল্লাহু আনহু যখন সালাত শুরু করতেন, তাকবীর দিতেন এবং রফ‘উল ইয়াদাইন করতেন। আর যখন রুকূ‘ করার ইচ্ছা করতে চাইতেন, রফ‘উল ইয়াদাইন করতেন এবং যখন রুকূ‘ থেকে মাথা উত্তোলন করতেন, তখনও তিনি অনুরুপভাবে রফ‘উল ইয়াদাইন করতেন এবং তিনি বলতেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামও এরকম করতেন।” [1]

ফুটনোট

[1] সহীহ আবূ দাঊদ: ৩৩০; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৩৩; মুসনাদ আহমাদ: ৩/৪৩৬; ইমাম বুখারী, কুররাতুল আইনাইন: ১৭-১৮ পৃষ্ঠা; সহীহ মুসলিম: ৩৯১; নাসাঈ: ২/১২৩; ইবনু মাজাহ: ৮৫৯; দারাকুতনী:

১/২৯২; তাবারানী: ১৯/৬২৬; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/২২৪; সুনান বাইহাকী: ২/২৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৩৩০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ কিলাবাহ্‌ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91086

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন